

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৭/২০১৪

অভিযোগকারী : জনাব ফেরদৌস হাসান

পিতা-মোঃ হাসান আলী শেখ

জেসি রোড, ধানবাড়ি

সিরাজগঞ্জ।

প্রতিপক্ষ : ডাঃ পারভেজ রহিম

উপ-পরিচালক (সংস্থাপন)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২

ঢাকা-১২১৬।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান তার দাখিলকৃত ২৫/২০১৪ নং অভিযোগের বিষয়ে ২০-০৪-২০১৪ তারিখে ডাঃ পারভেজ রহিম, উপ-পরিচালক (সংস্থাপন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ২৫/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক ৪র্থ বারের মতো তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার প্রার্থীত তথ্য সরবরাহ না করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর শাস্তি এবং বারবার হয়রানীর জন্য ক্ষতিপূরণ দাবী করেন।

০২। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৯-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময় মঞ্জুর করা হয় এবং ১৫-০৭-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান ও প্রতিপক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (সংস্থাপন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ডাঃ পারভেজ রহিম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশনের নির্দেশনার পরও তিনি এখন পর্যন্ত তথ্য প্রাপ্ত না হয়ে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দাখিল করেন।

০৫। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (সংস্থাপন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, দেশের বাহিরে প্রশিক্ষণে থাকায় যথাসময়ে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। তিনি আরো বলেন, নিয়োগের নম্বর সংক্রান্ত তথ্য অত্যন্ত গোপনীয় ও স্পর্শকাতর বিষয়। তাছাড়া লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর ফর্দ ফলাফল প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান বুয়েটের সাথে MoU থাকায় সেখান থেকে তথ্য সংগ্রহ করতে সময় ক্ষেপণ হয়েছে। অভিযোগকারীকে তথ্য সরবরাহের জন্য অদ্য তথ্য সাথে করে এনেছেন এবং তা কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) দেশের বাহিরে প্রশিক্ষণে থাকায় যথাসময়ে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি এবং নিয়োগের নম্বর সংক্রান্ত তথ্য অত্যন্ত গোপনীয় ও স্পর্শকাতর বিষয় হওয়ায় এবং লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর ফর্দ ফলাফল প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান বুয়েটের সাথে MoU থাকায় সেখান থেকে তথ্য সংগ্রহ করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর সময় ক্ষেপণ হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তথ্য সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিতভাবে অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার